

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
Website: www.lgd.gov.bd

নং-৪৬. ০২০. ০০৪. ০০. ০১. ১৯১. ২০১৫- ২০৪০

তারিখঃ ২০/৪/১৫

বিষয়ঃ রীট পিটিশন নং-২৯৫৩/২০১৫ মামলায় প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে সরকার পক্ষে লিড-টু-আপীল দায়ের সংক্রান্ত।

সূত্রঃ এ বিভাগের উপজেলা-১ শাখার গত ২৯-০৩-২০১৬খ্রিঃ তারিখের ৪৫৩ সংখ্যক আ্রক।

বগুড়া জেলার সোনাতলা উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব একেএম আহসানুল তৈয়ব জাকিরকে সাময়িকভাবে বরখাস্ত করা হলে তিনি উক্ত আদেশকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ২৯৫৩/২০১৫নং রীট পিটিশন দায়ের করেন। মাননীয় আদালত কর্তৃক গত ১৬-০৩-২০১৫খ্রিঃ তারিখে উক্ত আদেশের উপর ০৬(ছয়) মাসের স্থগিতাদেশ প্রদান করা হয়।

০২। এমতাবস্থায়, সরকারি স্বার্থ বিবেচনায় বর্ণিত রীট পিটিশনে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত আদেশের সার্টিফাইড কপি সংগ্রহপূর্বক সরকার পক্ষে আপীল দায়েরসহ নিষেধাজ্ঞা ভ্যাকটেকরণ এবং মামলাটি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহন করার জন্য নিয়োগকৃত প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো। মামলার আনুষঙ্গিক কাগজপত্রাদি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।

স্ব. ২৯.৪.১৫  
(সৈয়দ মোঃ নূরুল বাসির)  
সিনিয়র সহকারী সচিব  
৯৫৪০৯৯৫

জনাব এসকে. শফিক মাহমুদ পুস্প  
বেসরকারি প্যানেল আইনজীবী  
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। জেলা প্রশাসক, বগুড়া;
- ০৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৫। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১/উপজেলা-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ০৭। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৮। সহকারী প্রোগ্রামার (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।